দৈনিক ইত্তেফাক

তারিখ AUG 10 1999 পৃঃ ১৫ কলাম ৭

17

# ময়মনসিংহ মেডিক্যাল কলেজে ডাক্তারকে প্রহার ॥ সকল ডাক্তারের ৩দিন ধর্মঘট

ময়মনসিংহ (উত্তর) সংবাদদাতা ॥ গত রবিবার রাত ১০টায় ময়মনসিংহ মেডিক্যাল কলেজ হাসপাতালে জরুরী বিভাগে অবৈধভাবে ডাক্তারী সার্টিফিকেট চাওয়াকে কেন্দ্র করিয়া একদল সন্ত্রাসী ইমার্জেন্সী মেডিক্যাল অফিসারকে প্রহার ও তাহার কক্ষ ভাংচুর করে। এই ঘটনায় বিএমএ ময়মনসিংহ শাখা ৩ দিনব্যাপী অবিরাম ধর্মঘট পালনের সিদ্ধান্ত নেয়।

হাসপাতাল সূত্রে প্রকাশ, ময়মনসিংহ মেডিক্যাল কলেজ হাসপাতালের জরুরী বিভাগের মেডিক্যাল অফিসার ডাঃ সফিকুল ইসলামের নিকট গত রবিবার রাতে জনৈক ব্যক্তি অবৈধভাবে অসুস্থতাজনিত ডাক্তারী সার্টিফিকেট দাবী করে। এই ঘটনায় ডাক্তার নিয়ম অনুযায়ী সার্টিফিকেট নেওয়ার কথা বলিলে উভয়ের মধ্যে ঝগড়ার সূত্রপাত হয়। এক পর্যায়ে পিছন হইতে একদল সন্ত্রাসী ক্ষিপ্ত হইয়া ডাক্তার সফিককে বেদম প্রহার করিয়া তাহার কক্ষের আসবাবপত্র ভাংচুর করে এবং দ্রুত ঘটনাস্থল ত্যাগ করে। পরে ডাক্তার সফিককে গুরুতর অবস্থায় হাসপাতালে

(১৫শ পৃষ্ঠায় ৮-এর কঃ দ্রঃ)

## ময়মনসিং মেডিক্যাল

(শেষ পৃষ্ঠার পর)

ভর্তি করা হইয়াছে।

এই ঘটনায় ময়মনসিংহ মেডিক্যাল কলেজ হাসপাতালের পরিচালক রাত ১১টায় হাসপাতালের ডাক্তারদের লইয়া এক জরুরী বৈঠকে বসেন। আলোচনা ফলপ্রসূ না হওয়ায় গভীর রাতে বিএমএ ময়মনসিংহ শাখা এক জরুরী বৈঠকে গতকাল (সোমবার) হইতে হাসপাতালসহ বেসরকারী ক্লিনিকে ৩ দিনের অবিরাম ধর্মঘট পালনের সিদ্ধান্ত নেয়। হঠাৎ এই ধর্মঘট ডাকায় সাধারণ রোগীরা দারুণ অসুবিধার মধ্যে পড়িয়াছে। জরুরী টীম করিয়া চিকিৎসা দেওয়ার কথা থাকিলেও কার্যতঃ হাসপাতালে ভর্তিকৃত রোগীরা কোন চিকিৎসা পাইতেছে না।

গতকাল (সোমবার) সকাল হইতে ডাক্তাররা এই ঘটনার সুষ্ঠু বিচারের দাবীতে মিছিল-মিটিং অব্যাহত রাখিয়াছে। এই ধর্মঘট চলার সময় সকল প্রকার প্রাইভেট প্র্যাকটিস বন্ধ থাকিবে। এই ব্যাপারে ডাক্তার সফিক বাদী হইয়া ১২ জনের বিরুদ্ধে মামলা দায়ের করিয়াছেন।